

# যুগান্তর

## বাবার লাশ বাড়িতে রেখে পরীক্ষা দেওয়া লাবিবা জিপিএ-৫ পেয়েছে

👤 মহেশপুর (ঝিনাইদহ) প্রতিনিধি

🕒 ২৯ জুলাই ২০২৩, ১৮:৪৫:৪২ | [অনলাইন সংস্করণ](#)



ঝিনাইদহের মহেশপুরে বাবার লাশ বাড়িতে রেখে এসএসসি পরীক্ষায় অংশ নেওয়া লাবিবা বিজ্ঞান বিভাগ থেকে জিপিএ-৫ পেয়েছে। চিকিৎসক বানানোর প্রবল ইচ্ছায় মেধাবী মেয়েকে বিজ্ঞান বিভাগে ভর্তি করলেও এমন আনন্দে শামিল হতে পারেনি বাবা ফজলুল হক। মেয়ের এসএসসি পরীক্ষা চলাকালে ৩ মে ঢাকার একটি বেসরকারি হাসপাতালে মারা যান তিনি।

লাবিবা উপজেলার স্বরূপপুর ইউনিয়নের কুসুমপুর গ্রামের মৃত ফজলুল হকের মেয়ে ও দত্তনগর এসএম ফার্ম মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগ থেকে এবারের এসএসসি পরীক্ষার্থী ছিলেন।

জিপিএ-৫ পাওয়া লাবিবা যুগান্তরকে বলেন, বাবার স্বপ্ন ছিল ভালো লেখাপড়া করে চিকিৎসক হব। আমার ফলাফলে মা, আত্মীয়স্বজন ও পাড়াপ্রতিবেশীরা অনেক খুশি হয়েছেন। আজ বাবা বেঁচে থাকলে সব থেকে বেশি খুশি হতেন। বাবার স্বপ্নকে বাঁচিয়ে রাখতে ভালো লেখাপড়া করে আমি চিকিৎসক হতে চাই।

লাবিবার চাচা ইউপি সদস্য আবুবক্কর জানান, মেয়ের পরীক্ষা চলাকালে ভাই ফজলুর রহমান মারা যান। বাবার মৃত্যুতে ভেঙ্গে না পড়ে স্বাভাবিক ভাবে পরীক্ষা চালিয়ে যান লাবিবা। এমন পরিস্থিতি মোকাবেলা করে গত শুক্রবারের এসএসসি ফলাফলে লাবিবা জিপিএ-৫ পেয়েছে। এতে আমরা সবাই অনেক খুশি হয়েছি। বাবার মৃত্যু দিনের ওই বিষয় ছাড়া বাকি সবগুলো বিষয়ে জিপিএ-৫ পেয়েছে লাবিবা।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

